# ঘোড়াপাখিয়া ইউনিয়ন পরিষদ




পরিষদ ভবন

## ইউনিয়ন পরিচিতি

চাঁপাইনবাবগঞ্জ জেলায় শিবগঞ্জ উপজেলায় ১৫টি ইউনিয়ন পরিষদের মধ্যে ক্রমানুসারে ১৩ নম্বর। ১৯৭৩ সালের পূর্বে ঘোড়াপাখিয়া ইউনিয়ন পরিষদটি শিবগঞ্জ উপজেলার ছত্রাজিতপুর ইউনিয়নে একিভূত ছিল। এই ইউনিয়ন পরিষদের জনসাধারণের ছত্রাজিতপুর ইউনিয়ন পরিষদের সেবাগ্রহণ করা খুবই কষ্টসাধ্য ছিল। কারণ ছত্রাজিতপুর ইউনিয়ন পরিষদ থেকে ঘোড়াপাখিয়া ইউনিয়ন পরিষদের দূরত্ব প্রায় ১০ কি.মি.। ১৯৭৩ সালে জনগণের দাবীর মুখে ঘোড়াপাখিয়া মৌজার নাম অনুসারে ইউনিয়নটির নাম ঘোড়াপাখিয়া ইউনিয়ন পরিষদ পরিচিতি লাভ করে। ঘোড়াপাখিয়া ইউনিয়নের পূর্বদিকে চাঁপাইনবাবগঞ্জ পৌরসভা, পশ্চিমে উজিরপুর ইউনিয়ন, উত্তরে রাণীহাটি ইউনিয়ন ও দক্ষিণে সুন্দরপুর ইউনিয়ন অবস্থিত। ইউনিয়নটির আয়তন ১৩.৪৪ বর্গ কিলোমিটার। ইউনিয়ন পরিষদ ভবনটি ১টি বড় ও ২টি ছোট কক্ষ নিয়ে ১৯৯৪ সালে নির্মিত হয়েছে। ঘোড়াপাখিয়া ইউনিয়ন পরিষদটি জেলা প্রশাসকের কার্যালয় হতে ১০ কি.মি. দূরে অবস্থিত হওয়ায় যাতায়াতে প্রায় আধা ঘণ্টা সময় লাগে।

## ইউনিয়নের প্রধান তথ্যসমূহ

| | | |
|---|---|---|
| ◆ ইউনিয়নের আয়তন | : | ১৩.৪৪ বর্গ কিলোমিটার |
| ◆ জমির পরিমাণ | : | মোট জমি ২১৯৫ হেক্টর; ক) আবাদী ১৭৪৭ হেক্টর, খ) এক ফসলী ৩৪৭ হেক্টর, খ) দোফসলী ৩৫০ হেক্টর, গ) তিন ফসলী ১০৫০ হেক্টর, ঘ) পতিত ৪৪৮ হেক্টর |
| ◆ জনসংখ্যা | : | মোট জনসংখ্যার পরিমাণ (২০১১ সালের আদমশুমারী অনুযায়ী) ১৯,৭১৭ জন; পুরুষ ৯ ,৭০৬ জন এবং মহিলা ১০,০১১ জন |
| ◆ সাক্ষরতার হার | : | ৭৯% |
| ◆ মুক্তিযোদ্ধার সংখ্যা | : | মুক্তিযোদ্ধা ভাতাভোগী- ০৭ জন |

- বিভিন্ন ভাতা ভোগীর নাম : বয়স্ক ভাতা-৮৪৩ জন, বিধবা ভাতা-৪৩৮ জন, প্রতিবন্ধী ভাতা-৩০৪ জন, ভিজিডি ভাতা-১০৬ জন, মাতৃত্বকালীন ভাতা-৪৩৩ জন।
- শিক্ষা প্রতিষ্ঠান : কলেজ- ১টি, মাদ্রাসা ১টি, সরকারি প্রাথমিক বিদ্যালয় ৫টি, মাধ্যমিক বিদ্যালয় ২টি, নূরানী মাদ্রাসা ৪টি
- নদ-নদীর তথ্য : মহানন্দা, পদ্মা, পাগলা ঘিরে এই ইউনিয়ন পরিষদ অবস্থিত
- ধর্মীয় প্রতিষ্ঠান : মসজিদ ৩১টি, মন্দির ১টি
- হাট বাজারের তথ্য : গোলাপের হাট
- ইউনিয়ন পরিষদের রাজস্ব আয়ের গুরুত্বপূর্ণ উৎসের নাম : গৃহ কর

## ইউনিয়ন পরিষদের সম্পত্তির বিবরণী

সম্পত্তিটি সাবেক মেম্বার প্রয়াত জনাব মোঃ লোকমান আলীর নিকট হতে ইউনিয়ন পরিষদ ১৯৭২ সালে ক্রয় করেছে। এছাড়া অন্য কোন জমি নেই।

- **ভবনের *নিজস্ব জমির তথ্য***

| মৌজার নাম | জে এল নং | খতিয়ান নং | দাগ নং | জমির পরিমাণ (শতক) |
|---|---|---|---|---|
| ঘোড়াপাখিয়া | ১৩২ | ৩৩৬৫ | ৮২৫৩ | ০.১০০০ একর |

## ইউনিয়নের বৈশিষ্ট্য

### *নদী বিধৌত অঞ্চল*

ঘোড়াপাখিয়া ইউনিয়নটি পদ্মা, পাগলা, মহানন্দা নদী বিধৌত ইউনিয়ন। নদী বিধৌত হওয়ায় ইউনিয়নের বাসিন্দাগণ একদিকে যেমন মাছ শিকার করে জীবিকা নির্বাহ করে অন্যদিকে বন্যা ও প্রতিকূল অবস্থার মুখোমুখি হয়ে জীবন ও জীবিকার জন্য লড়েই চলেছে।

সুবিধাঃ পদ্মা নদী অত্যধিক খরস্রোতা নদী যেটি ১৯৯৮ সালের পূর্বে ঘোড়াপাখিয়া ইউনিয়নের সীমানা থেকে প্রায় ১২ কি.মি. দূরে অবস্থান করছিল। যা ১৯৯৮ এর পর হতে ভয়াবহ নদী ভাঙ্গনে এই ইউনিয়নের সীমানা বরাবর চলে আসে। যা তৎকালীন সরকার বাহাদুর কর্তৃক ২০০০ সালে বেড়ীবাঁধ নির্মিত হলে ইউনিয়নটি ভাঙ্গন থেকে রক্ষা পায়। মহানন্দা নদীতে প্রায় সারা বছর পানি থাকে। যার ফলে জেলেরা বার মাস মাছ ধরে জীবিকা নির্বাহ করে। পাগলা নদী খরস্রোতা নয়। এখানে বছরে প্রায় ৮ মাস পানি থাকে। এই নদীতেও দেশী জাতের বিভিন্ন মাছ পাওয়া যায়।

### *ফল/ফসল*

বাংলাদেশ কৃষিপ্রধান দেশ। ঘোড়াপাখিয়া ইউনিয়নটিও এর বহির্ভূত নয়। মাটি উর্বর হওয়ায় এ ইউনিয়নে প্রায় ৪,০০০ মে: টন আম, ২/৩ মে: টন শাকসব্জি, ৫০০০ মে: টন ধান ইত্যাদি ফল ও ফসল উৎপন্ন হয়।

### *ঐতিহ্য-ইতিহাস, সমস্যা ও সম্ভাবনা*

ঘোড়াপাখিয়া ইউনিয়ন পরিষদের বর্তমান বয়স ৪৭ বছর। ইউনিয়ন পরিষদের জন্ম হয়েছিল ব্রিটিশ আমলে ১৯৭০ সালে চৌকিদারি পঞ্চায়েত নামে। পরবর্তীতে ১৮৮৫ সালে তৎকালীন ব্রিটিশ শাসক লর্ড রিপন স্থানীয় স্বায়ত্তশাসন আইন চালুর মাধ্যমে এর নামকরণ করেন ইউনিয়ন কমিটি। ১৯১৯ সালে এর নাম পরিবর্তন করে ইউনিয়ন বোর্ড করা হয়। পাকিস্তান

আমলে এর নাম হয় ইউনিয়ন কাউন্সিল। পরবর্তীতে এর নামকরণ করা হয় ইউনিয়ন পরিষদ। বর্তমান চেয়ারম্যানের পূর্বে যাঁরা দায়িত্ব পালন করেছেন তাঁরা হলেন-(১) মৃত রুস্তুম আলী ও মোঃ গোলাম নবী বারবার নির্বাচিত হয়ে অত্র ইউনিয়নে দায়িত্ব পালন করেন এবং বর্তমানে জনাব ইসমাইল হোসেন ২০১৬ সাল হতে অদ্যবধি দায়িত্ব পালন করে আসছেন। বর্তমান চেয়ারম্যানের পূর্বের চেয়ারম্যানগণ বিভিন্ন গ্রামের উন্নয়নমূলক কাজকর্ম যেমন: রাস্তাঘাট, প্রটেকশান ওয়াল, ব্রিজ, মাটি ভরাট, কালভার্ট, বিভিন্ন স্কুল-মাদ্রাসা'র শিক্ষা উপকরণ, দুঃস্থ অসহায়দের সেবাসহ উন্নয়নমূলক কাজকর্ম করেছেন।

ঘোড়াপাখিয়া ইউনিয়নটি শিবগঞ্জ থানাধীন ছত্রাজিতপুর ইউনিয়নের অন্তর্ভুক্ত ছিল। ঘোড়াপাখিয়া ইউনিয়নের জনগণের দাবীর মুখে ১৯৭৩ সালে তৎকালীন সরকার ইউনিয়নটি দুই ভাগে বিভক্ত করে ঘোড়াপাখিয়া মৌজার নাম অনুসারে ঘোড়াপাখিয়া ইউনিয়ন স্থাপিত হয়। অত্র ইউনিয়নটি অত্যন্ত শিক্ষিত ও সমৃদ্ধশালী ইউনিয়ন হিসেবে পরিচিত ছিল। খাদ্য উৎপাদনের দিক থেকে ঘোড়াপাখিয়া খাদ্য উদ্বৃত্ত ইউনিয়ন। যা দেশকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জনে সহায়ক ভূমিকা পালন করছে। যদি এখানকার কৃষি জমিতে আধুনিক প্রযুক্তির মাধ্যমে চাষাবাদ করা যায় তাহলে আরো খাদ্য উৎপন্ন হবে। এ ইউনিয়ন অনেক জ্ঞানী, গুণী ও বড় বড় আলেমের জন্মস্থান ছিল। কথিত আছে, এই ইউনিয়নের ০৯নং ওয়ার্ডের সুন্দরনগর আদর্শ গ্রামের বাসিন্দা প্রখ্যাত আলেম দ্বীন মৃত আইয়ুব আলী অনাবৃষ্টির কারণে যখন ফসলহানীর সম্ভাবনা দেখা দিয়েছিল। ঠিক তখনই তার পরামর্শে জেলার বিভিন্ন জায়গায় এসতেস্কার নামাজ আদায়ের মাধ্যমে বৃষ্টি বর্ষন হয়েছে।

শিক্ষা ব্যবস্থাকে আধুনিকায়ন ও প্রয়োজনীয় লোকবল নিয়োগের মাধ্যমে ঘোড়াপাখিয়া ইউনিয়ন শতভাগ শিক্ষিত এলাকা হিসেবে পরিচিতি লাভ করবে।

এই ইউনিয়ন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ডিজিটাল ও আধুনিকায়নের বহির্ভূত নয়। দেশ ও জাতি যেভাবে এগিয়ে যাচ্ছে আধুনিকতার ছোঁয়ায় ইউনিয়নটি দিন দিন আধুনিক ও উন্নয়নের দিকে অগ্রগামী হচ্ছে। তবে ইউনিয়ন পরিষদে প্রতিনিয়ত কাজের গতি বৃদ্ধি পাওয়ায় জনগণের সেবা নিশ্চিত হওয়ায় লোকবলের অভাব দেখা দিয়েছে। এখানে গ্রাম আদালতের মাধ্যমে একটি দক্ষ গ্রাম আদালত পরিচালনার জন্য এবং স্থানীয় মামলার জট কমানোর জন্য একজন গ্রাম আদালত সহকারী প্রয়োজন। ইউনিয়ন পরিষদের একমাত্র আয়ের উৎস গৃহ কর । এটিকে যথাযথভাবে আদায় কার্যকর করতে হলে একজন সরকারি আদায়কারী নিয়োগ প্রয়োজন।

গৃহীত উন্নয়ন পরিকল্পনাঃ গ্রামকে শহর করার সুদূরপ্রসারী পরিকল্পনার আওয়তায় অন্তত ১টি গ্রাম।

১। গ্রামের রাস্তা উচু করে রাস্তা পাকাকরণসহ পানি নিষ্কাশন ড্রেন নির্মাণ ও রাস্তার দু'ধারে আলোকবাতি স্থাপন।

২। প্রতিটি গ্রামে গুরুত্বপূর্ণ স্থানে অথবা কমিউনিটি ক্লিনিক সংলগ্ন ১টি করে পাঠাগার স্থাপন।

৩। ইউনিয়নে ১-৯ ওয়ার্ডে গুরুত্বপূর্ণ যায়গায় প্রটেকশান ওয়াল নির্মাণ।

৪। নারীদের আয়বর্ধক কাজে প্রশিক্ষণ দিয়ে তাদেরকে সেলাই মেশিন প্রদান।

৫। পশুপালন প্রশিক্ষণ প্রদান।

৬। আম চাষীদের আম চাষ ও সুরক্ষায় প্রশিক্ষণ প্রদান।

৭। পানির লেয়ার নিচে নেমে যাওয়ায় সুপেয় পানি সরবরাহে মটার পাম্প স্থাপন।

৮। আব্দুল কুদ্দুশের বাড়ি হতে দেবত্তর বিন্দুপাড়া পর্যন্ত ১ কি.মি. রাস্তা পাকাকরণ।

৯। দরিদ্র নারীদের প্রশিক্ষণ দিয়ে নকশী কাঁথা, অন্যান্য কুটির শিল্পায়ন করা।

১০। কৃষকের মাঝে গরু মোটাতাজাকরণ প্রকল্প গ্রহণ।

১১। প্রতিটি ওয়ার্ডে ক্লাব গঠন করে হারিয়ে যাওয়া খেলা ও চলমান খেলা চালু রাখা।

১২। সাংস্কৃতিক অনষ্ঠানের মাধ্যমে উন্নয়নমূলক কাজ তুলে ধরা।

১৩। কোভিড ১৯ এর প্রাদুর্ভাব রক্ষায় প্রকল্প গ্রহণ করে মাস্ক, সাবান, ব্লিচিং বাউডার, হ্যান্ড সানিটাইজার বিতরণ।

১৪। স্কুলভিত্তিক বিতর্ক প্রতিযোগিতার মাধ্যমে মেধা বিকাশ, যাতে পুরস্কারের ব্যবস্থা রাখা।

### *ইউনিয়নের প্রধান সমস্যা*

- ***নদী ভাঙন: নদী ভাঙ্গনের ফলে প্রায় ২০০টি পরিবার বাস্তুচ্যুত হয়।***
- ***মাদক:*** মাদক সেবনের ফলে এই ইউনিয়নের যুবক সম্প্রদায় ও লেখাপড়াসহ নানান দিকে ক্ষতিগ্রস্ত হচ্ছে।

### *সম্ভাবনাসমূহ*

- ***আমভিত্তিক শিল্প:*** প্রতিবছর আমচাষীদের মধ্যে উন্নত প্রশিক্ষণের মাধ্যমে আমচাষ, আম পরিচর্যা ও রক্ষণাবেক্ষণ করা যেতে পারে।
- কুটির শিল্পঃ নকশী কাঁথা, গরুর গাড়ির চাকা।

## *ইউনিয়ন পরিষদের দায়িত্বপ্রাপ্ত চেয়ারম্যানগণের মেয়াদকাল (১৯৭৩ সাল হতে)*

| ক্রমিক | চেয়ারম্যানের নাম | দায়িত্ব পালনের সময়কাল |
|---|---|---|
| ০১ | মোঃ রুস্তুম আলী | ০১.০৮.১৯৭৩ হতে ১০.১২.১৯৭৬ |
| ০২ | মোঃ গোলাম নবী | ১০.১২.১৯৭৬ হতে ০১.০২.১৯৮৪ |
| ০৩ | মোঃ গোলাম নবী | ০১.০২.১৯৮৪ হতে ০৫.০৮.১৯৮৮ |
| ০৪ | মোঃ রুস্তুম আলী | ০৫.০৮.১৯৮৮ হতে ০৩.০৫.১৯৯২ |
| ০৫ | মোঃ রফিকুল ইসলাম | ০৩.০৫.১৯৯২ হতে ১৮.০৫.১৯৯৬ |
| ০৬ | মোঃ লুৎফল হক (ভারপ্রাপ্ত) | ১৮.০৫.১৯৯৬ হতে ১৫.১১.১৯৯৬ |
| ০৭ | মোঃ গোলাম নবী | ১৫.১১.১৯৯৬ হতে ০১.০৩.১৯৯৮ |
| ০৮ | মোঃ গোলাম নবী | ০১.০৩.১৯৯৮ হতে ০৩.০৪.২০০৩ |
| ০৯ | মোঃ নাইমুল হক | ০৩.০৪.২০০৩ হতে ০৮.০৮.২০১১ |
| ১০ | মোঃ আখতারুল ইসলাম | ০৮.০৮.২০১১ হতে ০৭.০৮.২০১৬ |
| ১১ | মোঃ ইসমাইল হোসেন | ০৮.০৮.২০১৬ হতে ০৩.০১.২০২২ |
| ১২ | মোঃ মামুন অর রশিদ | ০৪.০১.২০২২ হতে চলমান |

# বর্তমান পরিষদের নির্বাচিত জনপ্রতিনিধিগণের তথ্য



চেয়ারম্যান
মোঃ মামুন অর রশিদ
পিতা- মোঃ শামসুল হক
গ্রাম- ভবানীপুর , ওয়ার্ড নং ৪
মোবাইল- ০১৭১১৪১৮৬০৯



প্যানেল-১
মোঃ রবিউল হক
পিতা- মোঃ আব্দুল মান্নান
গ্রাম- ধুমিহায়াতপুর, ওয়ার্ড নং ১
মোবাইল- ০১৭৫৭০৭৮৬৪৯৩



প্যানেল-২
৩ নং ওয়ার্ড সদস্য
মোঃ মনিরুল ইসলাম
পিতা- মৃত কয়েশ উদ্দীন
গ্রাম- দেবত্তর
মোবাইল- ০১৭৩০৯০৪৫৩২



প্যানেল-৩
মোসাঃ মনোয়ারা বেগম
স্বামী- লোকমান আলী
গ্রাম- পারকৃষ্ণগোবিন্দপুর, ওয়ার্ড নং ৫
মোবাইল- ০১৭৮২৭৮৬১৪০

২ নং ওয়ার্ড সদস্য
মোঃ তোসলিম উদ্দীন
পিতা- মোঃ সাজিরুদ্দীন
গ্রাম- কুথনীপাড়া
মোবাইল- ০১৭১৯৬৬৯৭১১



৪ নং ওয়ার্ড সদস্য
মোঃ মাহাবুব আলম
পিতা- আলহাজ্ব আকবর আলী
গ্রাম- ভবানীপুর
মোবাইল- ০১৪৭৭৩৮৭২৬



৫ নং ওয়ার্ড সদস্য
মোঃ আশরাফুল হক
পিতা- মোঃ মফিজ উদ্দীন
গ্রাম- পারকৃষ্ণগোবিন্দপুর
মোবাইল- ০১৭১৩৭০৫০৭৭



৬ নং ওয়ার্ড সদস্য
মোঃ মোঃ ইসমাইল
পিতা- আব্দুস সাত্তার
গ্রাম- পারধুমিহায়াতপুর
মোবাইল- ০১৭৩২১১৭৫০৩



৭ নং ওয়ার্ড সদস্য
মোঃ জাহিরুল ইসলাম
পিতা- মোঃ নজরুল ইসলাম
গ্রাম- চকআলমপুর
মোবাইল- ০১৭২৮৭৫৬৫৮১



৮ নং ওয়ার্ড সদস্য
মোঃ জলিল



৯ নং ওয়ার্ড সদস্য
মোঃ নজরুল ইসলাম



১,২,৩ নং ওয়ার্ড সদস্যা
ঝর্না



৭,৮,৯ নং ওয়ার্ড সদস্যা
মোসাঃ আসমতি বেগম

| | | | |
|---|---|---|---|
| পিতা- মোঃ এজাবুল বিশ্বাস<br>গ্রাম- কালিনগর<br>মোবাইল- ০১৭৪০৮৬২৪৮৭ | পিতা- মোঃ আব্দুস সালাম<br>গ্রাম- বাবলাবোনা<br>মোবাইল- ০১৭২৬৩৭৬০৩৫ | স্বামী- ফারুক<br>গ্রাম- ১৭ রশিয়া চাসা<br>মোবাইল- ০১৭৬২৫৩৩২৮৩ | স্বামী- মোঃ সাহালাল<br>গ্রাম- সুন্দরনগর<br>মোবাইল- ০১৭৪৫০৯৮০৭২ |

## *শিৰা পতিষ্ঠানের তথ্যসমূহ*

- ***প্রাথমিক বিদ্যালয়:*** সরকারি প্রাথমিক বিদ্যালয় ০৫টি; যথা; ১। চকভবানীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, ২। চকচুনাখালী সরকারি প্রাথমিক বিদ্যালয়, ৩। দেওয়ানটোলা সরকারি প্রাথমিক বিদ্যালয়, ৪। ১৭ রশিয়া চামা সরকারি প্রাথমিক বিদ্যালয়, ৪। বিশ্বনাথপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, ৫। মোল্লাটোলা সরকারি প্রাথমিক বিদ্যালয়।
- ***উচ্চ বিদ্যালয়*** ২টি; যথা- ১। মোল্লাটোলা উচ্চ বিদ্যালয়, ২। পারকৃষ্ণগোবিন্দপুর বালিকা উচ্চ বিদ্যালয়
- ***নিম্নমাধ্যমিক বিদ্যালয়*** ১টি; মোল্লাটোলা নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয়।
- ***কলেজ:*** শহীদ ক্যাপ্টেন বীরশ্রেষ্ট মহিউদ্দীন জাহাঙ্গীর কলেজ। কলেজটি পূর্বে উজিরপুর ইউনিয়নে অবস্থিত ছিল। ১৯৯৮ সালে ভয়াবহ পদ্মা নদীর ভাঙ্গনে এই কলেজটি ২০০৫ সালে এই ইউনিয়নে প্রতিস্থাপিত হয়।

## শেষ পাঁচ বছরের উল্লেখযোগ্য প্রকল্প ও *কার্যক্রমের* তালিকা:

| অর্থ বছর | প্রকল্পের নাম | ওয়ার্ড নং | খাতের নাম | প্রাক্কলিত ব্যয় |
|---|---|---|---|---|
| ২০১৫-২০১৬ | চকগ্রামের সাদিকুলের বাড়ির সামনে রাস্তা এইচবিবি করণ | ০৪ | এলজিএসপি-২ | ১০২৩৩৩.০০ |
| ২০১৫-২০১৬ | ইউনিয়নের ভিতরে প্রবেশদ্বারে স্বাগতম গেট নির্মাণ। | ০৬ | এলজিএসপি-২ | ১২৫০০০.০০ |
| ২০১৬-২০১৭ | সেমিডিপ টিউবওয়েল স্থাপন | ০৩ | স্থাবর সম্মপত্তি হস্তান্তর কর ১% | ১০০০০০.০০ |
| ২০১৬-২০১৭ | রূপনগর মিঠুর বাড়ির সামনে রাস্তা এইচবিবি করণ | ০৭ | এডিবি | ১০০০০০.০০ |
| ২০১৭-২০১৮ | ধুমিহায়াতপুর বুড়া পাড়া মোড়ে প্রটেকশান ওয়াল নির্মাণ | ০১ | এলজিএসপি-৩ | ২০০০০০.০০ |
| ২০১৭-২০১৮ | কৃষ্ণ গোবিন্দপুর আলকাশের বাড়ি হতে মামলতের বাড়ি পর্যন্ত পাইপ ড্রেন নির্মাণ | ০২ | এলজিএসপি-৩ | ২০০০০০.০০ |
| ২০১৮-২০১৯ | ইংলিশ মোড় প্রাক্তন চেয়ারম্যান নাইমুল হকের বাড়ির পাশে পয়ঃনিষ্কাশন ড্রেন নির্মাণ। | ০৪ | এলজিএসপি-৩ | ৪৪৮০০০.০০ |
| ২০১৮-২০১৯ | গ্রাম পুলিশ সদস্যদের মধ্যে বাইসাইকেল বিতরণ | - | এডিবি কর্ম তৎপরতা ও দক্ষতা | ৬৮০০০.০০ |
| ২০১৯-২০২০ | ভবানীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পূর্ব পার্শ্বে বাউন্ডারি প্রাচীর নির্মাণ। | ০৪ | এলজিএসপি-৩ | ১৯৯০০০.০০ |
| ২০১৯-২০২০ | ১৭ রশিয়া চামা সায়েদের বাড়ির পার্শ্বে প্রটেকশান ওয়াল নির্মাণ। | ০৩ | স্থাবর সম্মপত্তি হস্তান্তর কর ১% | ১০১৪০০.০০ |

| | | | | |
|---|---|---|---|---|
| ২০২০-২০২১ | দক্ষ দরিদ্র নারীদের মাঝে শেলাই মেশিন বিতরণ | ১-৯ | এলজিএসপি-৩ | ১,২২,১৮১.০০ |
| ২০২০-২০২১ | সতের রশিয়া চামা সরকারি প্রাথমিক বিদ্যালয় চক চুনাখালী স.প্রা.বি. প্রধান শিক্ষকের চেয়ার, টেবিল ও সাধারণ চেয়ার সরবরাহ | ০৩ | এলজিএসপি-৩ | ১,০৬,১৭৩.০০ |
| ২০২০-২০২১ | শারিরীক প্রতিবন্ধীদের জন্য হুইল চেয়ার সরবরাহ | ১-৯ | এলজিএসপি-৩ | ৭০,০০০.০০ |
| ২০২০-২০২১ | ঘোড়পাখিয়া ইউপি স্বাগতম হতে তানজিলের বাড়ি পর্যন্ত রাস্তা এইচবিবি করণ | ০৬ | এলজিএসপি-৩ | ১,৫০,০০০.০০ |
| ২০২০-২০২১ | বাবলাবোনা হযরত মোড় রাজিবুলের বাড়ি হতে রাস্তা এইচবিবি করণ | ০৯ | এলজিএসপি-৩ | ২,৫০,০০০.০০ |
| ২০২১-২০২২ | সতের রশিয়া চামা সেলিমের বাড়ী পাকা রাস্তা হতে তৈমুরের বাড়ী পর্যন্ত রাস্তা এইচবিবিকরণ, | ০৩ | ইউপি উন্নয়ন সহায়তা তহবিল | ৩,০৭,৮০০.০০ |
| ২০২১-২০২২ | ধুমিহায়াতপুর গগনাদহা অধীরের বাড়ী হতে আলকাশের বাড়ী পর্যন্ত রাস্তা এইচবিবিকরণ, | ০১ | ইউপি উন্নয়ন সহায়তা তহবিল | ৩,০৭,৮০০.০০ |



বাল্যবিবাহ প্রতিরোধে ৭ই মার্চের জনসচেতনতামূলক সভা



২০১৭-২০১৮ অর্থ বছরে দক্ষতা মূল্যায়ন তহবিল হতে ৬৮,০০০/- টাকা ব্যয়ে ঘোড়াপাখিয়া ইউনিয়নের গ্রাম পুলিশ  জন্য বাইসাইকেল প্রদান




২০১৮-২০১৯ অর্থ বছরে ছয়টি শিক্ষাপ্রতিষ্ঠানে কাব ও স্কাউটস ছাত্র-ছাত্রীদের পোশাক বিতরণ



২০১৮-২০১৯ অর্থ বছরে এলজিএসপি-৩ বিবিজি হতে ৪,৫৩,০০০/- টাকা ব্যয়ে আব্দুর রহমানের বাড়ি হতে রুস্তমের বাড়ি পর্যন্ত ১.৫ কি.মি. রাস্তা নির্মাণ করা হয়েছে।



ইউনিয়ন সামাজিক সম্প্রীতি সমাবেশের চিত্র সেপ্টেম্বর/২০২২




উন্মুক্ত ওয়ার্ড সভার চিত্র



বাল্যবিবাহ প্রতিরোধে ক্যাম্পেইন




২০২০-২০২১ অর্থ বছরে এলজিএসপি-৩ বিবিজি হতে হতে ৭০,০০০/- টাকা ব্যয়ে  শারিরীক প্রতিবন্ধীদের জন্য হুইল চেয়ার সরবরাহ

## উল্লেখযোগ্য স্থাপনা/দর্শনীয় স্থান



গোলাপের হাট



*মহানন্দা নদী*



সুন্দরনগর কমিউনিটি ক্লিনিকঃ ক্লিনিকটি বেশ কয়েকটি গ্রামে মধ্যস্থলে অবস্থিত এবং ঘনবসতি হওয়ায় এই ক্লিনিকে প্রায় ১০০ -১৫০ জন চিকিৎসা সেবা গ্রহণ করে। সেইজন্য উক্ত ক্লিনিকটি বেশ জনপ্রিয়।



*পাগলা নদী*

## গ্রাম পুলিশের সদগস্যবৃন্দের পরিচিতি



মোঃ নজরুল ইসলাম
পিতা-মৃত কোবাদ আলী
দফাদার
মোবাইল – ০১৭২৪২৯৫১৩৮



মোঃ আলিউল ইসলাম



মোঃ রোসদুল ইসলাম



মোঃ ফারুক আলী



মোঃ কায়েম আলী

পিতা- মোঃ তানজিল হক
ওয়ার্ড-১
মোবাইল -০১৭০৯৩৪১১৮

পিতা- মোঃ এনামুল হক
ওয়ার্ড-২
মোবাইল- ০১৭৭৭২৫১৫৫৮

পিতা- মৃত মোজাক্ষর আলী
ওয়ার্ড-৩
মোবাইল- ০১৭২৭১৩২৬৪৭

পিতা- মোঃ গুদোড় আলী
ওয়ার্ড-৪
মোবাইল- ০১৭৫৭৮৩১৭১২



মোঃ আজিজুল হক
পিতা- মোঃ জালার উদ্দীন
ওয়ার্ড-৫
মোবাইল- ০১৭৪৭৬৫০৮৪৯



মোসাঃ জোসনারা খাতুন
পিতা- মোঃ হযরত আলী
ওয়ার্ড-৬
মোবাইল- ০১৭৫৯৫৮৩১৮২



মোঃ মহিউদ্দীন
পিতা- মোঃ ইসলাম আলী
ওয়ার্ড-৭
মোবাইল- ০১৭৪১৩৪০৯৯



শ্রী সম্ভু কর্মকার
পিতা- শ্রী ধরনী কর্মকার
ওয়ার্ড-৮
মোবাইল-০১৭২৬৩৪৫৮৮৫



মোঃ আবুল কালাম
পিতা- মোঃ সোহরাব আলী
ওয়ার্ড-৯
মোবাইল- ০১৭২১৭৯৯৪৮৩

## ***ইউনিয়ন ডিজিটাল সেন্টারের তথ্য***

ইউনিয়ন পরিষদে স্থাপিত তথ্য প্রযুক্তিভিত্তিক কেন্দ্র ‘ইউনিয়ন ডিজিটাল সেন্টার’ পরিষদের কার্যক্রমে এক নতুন মাত্রা যোগ করেছে। এই ইউনিয়ন পরিষদে ২০১০ সাল থেকে ইউনিয়ন ডিজিটাল সেন্টারের যাত্রা শুরু হয়। বর্তমানে এই সেন্টারে ২টি কম্পিউটার, ৩টি প্রিন্টার, ১টি স্ক্যানার, ১টি ফটোকপি মেশিন, ১টি ওয়েব ক্যামেরা, ১টি মালটিমিডিয়া প্রজেক্টর, ১টি লেমিনেটিং মেশিন ইত্যাদি যন্ত্রপাতি আছে।

### ***উদ্যোক্তার পরিচিতি***





মোঃ সেলিম রেজা
পিতা- মোঃ এনামুল হক
মাতা- মোসাঃ সেরিনা খাতুন
গ্রাম- দেবত্তর, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ
মোবাইল- ০১৭২৫৩১৭৮৮২

মোসাঃ আইরিন খাতুন
পিতা- মোঃ মেকাইল ইসলাম
মাতা- মোসাঃ মনোয়ারা বেগম
গ্রাম- পারধুমিহায়াতপুর, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ
মোবাইল- ০১৭২২০৫৪৯১৬

## আমার ইউনিয়ন আমার মাঠ



মাঠের নাম: বীরশ্রেষ্ঠ শহীদ ক্যাপ্টেন মহিউদ্দীন জাহাঙ্গীর কলেজ মাঠ, স্থান: ১৭ রশিয়া চামা, ঘোড়াপাখিয়া ইউনিয়ন, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ

| মৌজার নাম | জে এল নং | খতিয়ান নং | দাগ নং | জমির পরিমাণ (শতক) |
|---|---|---|---|---|
| ঘোড়াপাখিয়া | ১৩২ | আরএস-১৭৩১, প্রস্তাবিত নম্বর-৬৬৯৬ | ৫৪৪২, ৫৪৮০ | ০.৬৫০৫ একর |

যোগাযোগ:



### ইউনিয়ন পরিষদ সচিব

মোঃ সেরাজুল ইসলাম
পিতা-মৃত ইয়াসিন আলী
গ্রাম-সুন্দরনগর
মোবাইল-০১৭৮৮৯৩৭২৬৭

পোস্ট কোড : ৬৩০২
ই-মেইল : ghorapakhiaup1973@gmail.com
ওয়েব পোর্টাল : www.ghorapakhiaup.chapainawab ganj.gov.bd/



### ইউনিয়ন পরিষদ হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটর

মোঃ আব্দুল আহাদ
পিতা-মোঃ খায়রুল ইসলাম
গ্রাম-হরিনগর, ডাকঘরঃ রাণীহাটি
মোবাইল-০১৭৬৩১৮৮৪০৬

পোস্ট কোড : ৬৩০০
ই-মেইল : ahad368@yahoo.com
ওয়েব পোর্টাল : www.ghorapakhiaup.chapainawab ganj.gov.bd/